উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর

স্মারক নং : উপকা.মেলা.২০২৫.০৭ তারিখ : ১৭.০৩.২০২৫

নোটিশ

আগামী ২৪.০৩.২০২৫ তারিখ, রোজ সোমবার দুপুর ১২.০০ ঘটিকায় উপজেলা প্রশাসক এর অফিস কক্ষে উপজেলা পরিষদের মাসিক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব এস.এম. আলমগীর প্রশাসক উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। ২৪.০৩.২০২৫ তারিখে অনুষ্ঠিতব্য সভার সংশ্লিষ্ট দপ্তরের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ২৩.০৩.২৫ তারিখের মধ্যে ই-মেইলে (uzchairmanmelandah@gmail.com) প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১৭/০৩/২৫
(এস.এম. আলমগীর)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

........................................................
....................................... সম্মানীত সদস্য
উপজেলা সমন্বয় কমিটি, মেলান্দহ, জামালপুর।

স্মারক নং : উপকা.মেলা.২০২৫.০৭ তারিখঃ ১৭.০৩.২০২৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। জেলা প্রশাসক, জামালপুর।
২। উপপরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।

১৭/০৩/২৫
উপজেলা নির্বাহী অফিসার
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।

উপজেলা পরিষদ

মেলান্দহ, জামালপুর

**মার্চ/২০২৫ মাসের উপজেলা পরিষদ সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব এম.এম. আলমগীর
প্রশাসক, উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ : ১৮/০৩/২০২৫ খ্রি:
সময় : দুপুর ১২.০০ ঘটিকা।
উপস্থিতি/ অনুপস্থিত : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে সভাপতি কর্তৃক সম্মানিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার কে অনুরোধ করা হয়। গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে কোন আপত্তি/সংশোধন/বিয়োজন না থাকায়, সর্বসম্মতি ক্রমে দৃঢ়িকরণ করা হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্রমঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য | উপজেলা স্বাস্থ্য ও প.প কর্মকর্তা সভায় জানান, হাসপাতালের ডাক্তারদের সিল নকল করে জাল্যসনদ তৈরি করছে, আমরা তা প্রশাসন কে জানিয়েছি। নির্মাণাধীন মসজিদ ভবনে মাদক সেবনকারীদের আড্ডা এবং হাসপালের অভ্যন্তরে দালালদের দৌরাত্ম্য বৃদ্ধি পেয়েছে এ ব্যাপারে প্রশাসনের হস্তক্ষেপ প্রত্যাশা করেন। হাসপাতালের সেবা কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | আলোচনান্তে, সিল নকলকারী, নির্মাণাধীন মসজিদে মাদক সেবনকারী, দালালদের দৌরাত্ম্য রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প.প কর্মকর্তা |
| ২ | পরিবার পরিকল্পনা | উপজেলা প.প কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, এই মাসে এখন পর্যন্ত ১৪৭ টি নরমাল ডেলিভারি হয়েছে, ১৬৫ জন নবজাতক কে সেবা দেওয়া হয়েছে। ৪৭৮২ জন সাধারণ রোগিকে সেবা দেওয়া হয়েছে। ৮৭৩৩ জন কিশোর – কিশোরী কে তাদের চাহিদা মতো সেবা দেওয়া হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভবিক রয়েছে। | আলোচনান্তে, সেবা কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৩ | কৃষি | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, ১। বিভিন্ন প্রকল্পের কৃষক/কৃষাণী মাঝে ১০০ টি প্রদর্শনী বাস্তবায়ন ২। মাঠ দিবস ১২০ জন করে ০২ (দুই) টি ৩। বিভিন্ন প্রকল্পের কৃষক/কৃষাণী প্রশিক্ষণ ১২০ জন পারিবারিক পুষ্টি বাগানের উপর ৪। সার ও বালাই নাশক এর মান ঠিক রাখার জন্য নিয়মিত সার ও বালাইনাশক দোকান পরিদর্শন ৫। মাঠে কৃষককে নিবিড় পরামর্শ দেয়া হচ্ছে (চলমান) ৬। চলমান তাপদাহের কারনে সম্ভাব্য ক্ষতি থেকে উত্তরণে উপায় হিসেবে বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠানের করণীয় সিদ্ধান্ত সমূহ কৃষকদের মাঝে পৌছাতে সকল উপসহকারী কৃষি অফিসারগণ কে মাঠ পর্যায়ে সচেতনতা মূলক কৃষক সমাবেশ আয়োজনসহ সকল কৃষক গ্রুপে আলোচনা করতে ও অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে জরুরী নির্দেশনা দেয়া হয়েছে। | আলোচনান্তে, কৃষকদের মাঝে বিভিন্ন প্রশিক্ষণ ও মাঠ পর্যায়ে সচেতনতা মূলক কৃষক সমাবেশ আয়োজন অব্যাহত রাখতে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৪ | মৎস্য | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মৎস্য সংরক্ষন আইনের আওতায় ১লা নভেম্বর/২০২৪ ইং হতে ৩০ শে জুন/২০২৫ খ্রি. ১০ ইঞ্চি (ছোট ইলিশ) জাটকা ধরা, পরিবহন, বিক্রয় এবং মজুত করা নিষেধ বা দন্ডনীয় অপরাধ। অত্র উপজেলায় ইলিশ পাচার রোধে উপজেলা মৎস্য কর্মকর্তা মেলান্দহ, জামালপুর হাট বাজারে অভিযান কার্যক্রম পরিচালনাসহ বিভিন্ন জনসচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়নের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৫ | উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান, এপ্রিল/২৫ খ্রিঃ মাসে সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ সংখ্যা ৮৫০ টি, সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ সংখ্যা ৩২০ টি, গাবদি পশুর চিকিৎসা প্রদান সংখ্যা ২৭৫৭টি, হাঁস মুরগীর চিকিৎসা প্রদান সংখ্যা ২৩২৮৪ টি, খামার পরিদর্শন ১৪টি, উঠান বৈঠক আয়োজন সংখ্যা ৯টি, উঠান বৈঠকে অংশ গ্রহণকারীর সংখ্যা ১৫০ জন। চলতি মাসে টিকা বিক্রি, সিমেন সরবরাহ ও খামার রেজিস্টেশন বাবদ রাজস্ব আদায়হ য়েছে ৯৪৩৯০ টাকা। বর্তমানে ক্ষুরা রোগ ও এলএসডি রোগের কিছু কিছু প্রাদুর্ভাব দেখা যাচ্ছে মাঠ পর্যায়ে। এগুলো প্রতিরোধে খামারীদের সচেতনতা বৃদ্ধি এবং ভ্যাকসিনেশন কার্যক্রম মাঠ পর্যায়ে চলছে। কোথাও এই সব রোগ ব্যাপক ভাবে দেখা গেলে প্রাণি সম্পদ কর্মকর্তাকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। প্রাণি সম্পদ সেক্টরের সেবাকে প্রান্তিক খামারীদের দোরগোড়ায় পৌছিয়ে দেয়ার জন্য মোবাইল ভেটেরিনারি ক্লিনিকের মাধ্যমে প্রান্তিক পর্যায়ে খামারীদের মধ্যে ফ্রি ভেটেরিনারি মেডিক্যাল ক্যাম্প, উঠান বৈঠক, ভ্যাক্সিনেশন, ডিওয়ার্মিং প্রোগ্রামসহ নানা ধরনের প্রাণি সম্পদ বিষয়ক সেবার গতি পূর্বের তুলনায় বহু গুণে বৃদ্ধি পেয়েছে যার ফলে প্রাণি সম্পদের উন্নয়ন বৃদ্ধি পাচ্ছে। | আলোচনান্তে, রোগাক্রান্ত পশুর চিকিৎসা দিতে খামারিদের প্রশিক্ষণ এবং সেবা প্রদান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার। |
| ৬ | দুর্যোগ ব্যবস্থাপনা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরের টিআর, কাবিখা, কাবিটা বরাদ্ধ পেয়ে ইউনিয়ন ওয়ারী বিভাজন পূর্বক প্রকল্প গ্রহণ করে জেলা প্রশাসক মহোদয়ের নিকট অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে। হেয়ারিংবন্ড বোন কাজ চলমান আছে। | চলমান কাজ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ৭ | সমাজসেবা | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, প্রতিবন্ধী ভাতার ২০২৪-২৫ অর্থ বছরের অতিরিক্ত বরাদ্দ প্রাপ্তির জন্য ২৬৮ টি অনলাইন আবেদন জমা হয়েছে। আবেদনের সময় বাড়ানো হয়েছে আগামী ২৫.০৪.২০২৫ খ্রি অনলাইনে আবেদন করা যাবে। এছাড়া নিয়মিত সকাল ১০:০০ ঘটিকা থেকে দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত প্রতিবন্ধী সনাক্তকরণ জরিপ কাজ অনুষ্ঠিত হয়। পল্লী সমাজসেবা কার্যক্রম (আর,এস,এস) পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম (আরএমসি), এসিডদগ্ধ ও প্রতিবন্ধী পুনর্বাসন কার্যক্রম চলমান আছে। ক্যান্সার, কিডনি, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইজড, থ্যালাসেমিয়া ও লিভার সিরোসিসে আক্রান্ত রোগীদের এককালীন অনুদান প্রাপ্তির জন্য অনলাইন আবেদনের হার্ডকপি প্রয়োজনীয় কাগজসহ নিয়মিত জমা গ্রহণ করা হচ্ছে। এছাড়া অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | চলমান সেবা কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা |

চলমান পাতা-২

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | উপজেলা প্রা: শিক্ষা | উপজেলা প্রা: শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ০১। উপজেলা শিক্ষা অফিসার এবং সহকারী উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক ৩৫ টি সপ্রাবি পরিদর্শন ০২। মান সম্পন্ন প্রাথমিক শিক্ষা নিশ্চিত করা, শত ভাগ ভর্তি, ঝরে পড়া রোধে স্টেকহোল্ডারগণের সাথে মতবিনিময় এবং কৃতি শিক্ষার্থী, শিক্ষক ম্যানেজিং কমিটির সাথে আলোচনা ০৩। বই বিতরন কার্যক্রম ২৩/০১/২০২৫ ইং তারিখের মধ্যে সম্পন্ন ০৪। সাব-ক্লাস্টার প্রশিক্ষণ কার্যক্রম ৩৪ টি ভেন্যুতে সকল শিক্ষকের অংশগ্রহনে সম্পন্ন হয়েছে ০৫। ২০২৫ সালে ভর্তি কার্যক্রম ১৫/০২/২০২৫ ইং তারিখের মধ্যে সম্পন্ন হয়েছে ০৬। বিভিন্ন উন্নয়ন মূলক কাজের কার্যক্রম চলমান। ইতিমধ্যে ২০/০২/২০২৫ ইং তারিখে মেলান্দহ মডেল সপ্রাবি এর বেজ ঢালাইয়ের কাজ সম্পন্ন ০৭। জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ- ২০২৫ উদযাপনের উপজেলা পর্যায়ে ২৩/০২/২০২৫ ও ২৪/০২/২০২৫ ইং তারিখে সম্পন্ন। | আলোচনান্তে, শিক্ষা অফিসার এবং সহকারী শিক্ষা অফিসার কর্তৃক বিদ্যালয় পরিদর্শন অব্যাহত রাখা ও শিক্ষার্থীদের ঝড়ে পড়া রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রা: শিক্ষা কর্মকর্তা |
| ৯ | মহিলা বিষয়ক | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরের মার্চ/২০২৫ ইং মাস হতে সার্ভার বন্ধ থাকার কারণে মা ও শিশু সহায়তা কার্যক্রম প্রক্রিয়াধীন। ভালনারেবল উইমেন বেনিফিট ( ভিডব্লিউবি) কার্যক্রমের ২০২৫-২০২৬ চক্রের মেলান্দহ উপজেলাধীন ১১ টি ইউনিয়নের ৩১৪৩ জন উপকারভোগীর বরাদ্দ পাওয়া যায়। পরবর্তী কার্যক্রম প্রক্রিয়াধীন। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১০ | যুব উন্নয়ন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। গত মাসে ১২০০০০০ টাকার ঋন বিতরণ করা হয়েছে এছাড়া বিভিন্নি ট্রেড এর পোষাক তৈরি, বেসিক কম্পিউটার ও আইসিটি, ইলেকট্রনিক এন্ড হাউজ ওয়ারিং, রেফিজারেশন এন্ড হেয়ার কন্ডিশনিং এবং ইলেক্ট্রনিক্স প্রশিক্ষণ জেলাতে চলমান রয়েছে। | বিভিন্ন ট্রেড এর চলমান প্রশিক্ষন কার্যক্রম অব্যাহত রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১১ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২৯/০১/২০২৫ ইং তারিখে মাসিক সভায় আদ্রা ইউনিয়নের পাকা রাস্তা হতে STW হাসপাতাল পর্যন্ত রাস্তা উন্নয়নের জন্য ৪,০০,০০০/- দরপত্রের মাধ্যমে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু জমি সংক্রান্ত জটিলতার কারনে উক্ত রাস্তার পরিবর্তে থুরী জিপিএস হতে ইদ্রিস আলী আমীরের বাড়ী পর্যন্ত উক্ত টাকায় রাস্তাটি দরপত্রের মাধ্যমে বাস্তবায়ন করা প্রয়োজন। এছাড়া ১১নং শ্যামপুর ইউনিয়নের টুপকার গ্রামের আবে জম জম মসজিদের উন্নয়ন কাজের জন্য দরপত্র আহ্বানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় তবে সিদ্ধান্ত পরিবর্তন করে আরএফকিউ এর মাধ্যমে ২,০০,০০০ টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে বাস্তবায়ন করার অনুমোদন করা প্রয়োজন। | আলোচনান্তে, বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১২ | জনস্বাস্থ্য | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে. মানবসম্পদ প্রকল্পের আওতায় ৬ নং আদ্রা ইউনিয়নে ৩০০ পরিবারের জন্য পানি সরবরাহের লক্ষ্যে ১লক্ষ লিটার ধারণ ক্ষমতা সম্পন্ন ১টি ওভারহেড ট্যাংক,পাইপ লাইন স্থাপন, হাউজ কানেকশন ও বিদ্যুৎ কানেকশনসহ সাবমার্সিবল পাম্প স্থাপন সম্পন্ন হয়েছে। পরিক্ষা মূলক পানি সরবরাহ চলমান। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ১০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মানের কাজ চলমান আছে। মানবসম্পদ প্রকল্পের আওতায় ১০নং ঝাউগড়া ইউনিয়নের ৪০০ পরিবারের জন্য পানি সরবরাহের লক্ষ্যে ১লক্ষ লিটার ধারণ ক্ষমতা সম্পন্ন ১টি ওভার হেডট্যাংক ও পাইপ লাইন স্থাপনের কাজ চলমান। মানবসম্পদ সম্পদ প্রকল্পের আওতায় হতদরিদ্রদের মাঝে বিনামূল্যে ১১টি ইউনিয়নে মোট ২৫০০টি টুইনপিট ল্যাট্রিন এর মধ্যে ২৪০০টি ল্যাট্রিন নির্মানের কাজ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট কাজ চলমান আছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৩ | সমবায় | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে. মেলান্দহ উপজেলায় সমবায় বিভাগীয় বিভিন্ন ক্যাটাগরীর ১৮২ টি সমবায় সমিতি রয়েছে। ২০২৩-২০২৪ সালের অডিট কার্য ০১/০৭/২০২৪ খ্রি. তারিখ হতে শুরু করা হয়েছে। অত্র উপজেলায় ০১টি আশ্রয়ণ প্রকল্প ও ০২টি আশ্রয়ন প্রকল্প ফেইজ-০২ রয়েছে এবং অত্র উপজেলায় ১৩ (তের) টি আর্শয়ণ-০২ প্রকল্প সমবায় সমিতি লি: নিবন্ধন করা হয়েছে। সমবায় অধিদপ্তরের আওতাধীন সিভিডিপি প্রকল্পে অত্র উপজেলায় ৬০টি সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতিতে ৬০ জন গ্রামকর্মী কাজ করছেন। ইতোমধ্যে ১৩০টি সমবায় সমিতির বার্ষিক অডিট সম্পন্ন করা হয়েছে। দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ প্রকল্প, মেলান্দহ, জামালপুর এ ০১ নং দুরমুঠ ইউনিয়নের কলাবাধা গ্রাম ও ০৮ নং ফুলকোচা ইউনিয়নের ফুলকোচা গ্রাম নির্বাচন করে দুই এলাকায় ০২ (দুই) টি সমিতি নিবন্ধন করত: ০২(দুই)টি সমিতির মোট ৫০+৫০ = ১০০ জনকে দুইটি করে গরু ক্রয়ের জন্য ১,৬০,০০০/- টাকা ও গরু লালন পালন করার জন্য ৪০,০০,০০০/- টাকা সর্বমোট ২,০০,০০,০০০/- (দুই কোটি) টাকা প্রদান করা হয়েছে। উক্ত বিতরণকৃত টাকা আগামী মে/২৫ খ্রি. আদায় শুরু হবে। | আলোচনান্তে, সমিতির যে সকল সদস্যদের গরু দেওয়া হয়েছে তারা বিধি মোতাবেক গরু পালন করছে কিনা তা তদারকির জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৪ | পল্লী উন্নয়ন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, অপ্রধান শস্য এর জন্য বিতরণকৃত ঋণ হতে আদায় ৬,০০,০০০ টাকা, সঞ্চয় আদায় ১৫,০০০ টাকা, ভুট্টা উৎপাদন খাতে ঋণ বিতরন ১৪,০০,০০০ টাকা এছাড়া তারাকান্দি সমিতি সদস্যদের টাকা পরিশোধ হয়েছে মর্মে মামলা নিস্পত্তি হয়েছে। বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৫ | বন বিভাগ | উপজেলা ফরেস্টার সভায় অনুপস্থিত থাকায় তাঁর বিভাগ নিয়ে আলোচনা হয়নি। | | |
| ১৬ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ০১। HSP-MIS এ সমন্বিত উপবৃত্তি কর্মসূচীর আওতায় ৬ষ্ঠ-দ্বাদশ শ্রেণির উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের একাউন্ট সংশোধনের কাজ সম্পন্ন হয়েছে ০২। HSP-MIS এ সমন্বিত উপবৃত্তি কর্মসূচীর আওতায় ৬ষ্ঠ ও ৯ম শ্রেনির নতুন ভর্তিকৃত শিক্ষার্থীদের উপবৃত্তির আবেদন চলমান রয়েছে ০৩। উপজেলা পর্যায়ে জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৪ উদযাপন সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছে ০৪। দাপ্তরিক ও অন্যান্য কাজ-কর্ম সঠিক ভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কাজ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |

চলমান পাতা-৩

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, খাদ্য বান্ধব: প্রতিদিন (শুক্রবার, শনিবার ও সরকারি বন্ধের দিন ব্যতীত) প্রতিকেজি ১৫/-(পনের) টাকা দরে জনপ্রতি ৩০ (ত্রিশ) কেজি চাল মেলান্দহ উপজেলার ১১ ইউনিয়নের ৪১ (একচল্লিশ) জন খাদ্যবান্ধব ডিলারের মাধ্যমে প্রতি বিক্রয় দিবসে সকাল ০৯.০০ হতে বিকাল ০৫.০০ টা পর্যন্ত ভোক্তাদের মাঝে চাল বিতরণ কার্যক্রম অব্যাহত আছে। ওএমএস: প্রতিদিন (শুক্রবার, শনিবার ও সরকারি বন্ধের দিন ব্যতীত) প্রতিকেজি ৩০/- (ত্রিশ) টাকা দরে জনপ্রতি ০৫ (পাঁচ) কেজি চাল মেলান্দহ পৌরসভার ০১ (এক) জন ওএমএস ডিলারের মধ্যে সমন্বয়ের মাধ্যমে প্রতি বিক্রয় দিবসে ০১ (এক) মে.টন চাল এবং হাজরাবাড়ী পৌরসভার ০১ (এক) জন ওএমএস ডিলারের মধ্যে সমন্বয়ের মাধ্যমে প্রতি বিক্রয় দিবসে ১.৫০০ (একশত পাঁচ) মে.টন চাল সকাল ০৯.০০ হতে বিকাল ০৫.০০ টা পর্যন্ত ভোক্তাদের মাঝে বিতরণ কার্যক্রম অব্যাহত আছে। | চলমান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা |
| ১৮ | ইউজিডিপি | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, গত সভার সিদ্ধান্ত মোতাবেক পুর্নগঠিত উপজেলা (স্থায়ী) কমিটির সভা নিয়মিতকরন এবং LGD MIS এর আপলোড করা। সকল দপ্তর প্রধান কে উপজেলা কমিটির সভা নিয়মিত করে সভার কার্যবিবরণী জমা দেওয়ার অনুরোধ করেন। আগামী অর্থ বছরের বার্ষিক পরিকল্পনা ও পঞ্চ বার্ষিক পরিকল্পনা করার জন্য সকল দপ্তর ও ইউনিয়ন পরিষদ থেকে তথ্য জমা দিয়ে সহযোগিতা করার অনুরোধ করেন।<br>পরবর্তী অর্থ বছরের জন্য ক্লাইমেট চেইঞ্জ এডাপটেশন ও জেন্ডার মেইনস্ট্রিম এর উপর দুইটি অবকাঠামো ও দুইটি করে সক্ষমতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণের প্রস্তাবনা দেওয়ার অনুরোধ করেন। | আলোচনান্তে, সকল দপ্তর প্রধান কে উপজেলা কমিটির সভা নিয়মিত করে সভার কার্যবিবরণী জমা দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর |
| ১৯ | পল্লী বিদ্যুৎ সমিতি | উপজেলা পল্লী বিদ্যুৎ সমিতি ডিজিএম সভায় জানান যে, বর্তমানে লোডশিডিং নেই, বিভিন্ন সরকারি দপ্তর বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে সভায় সকল দপ্তর প্রধানদের বিদ্যুৎ বিল পরিশোধ করার জন্য অনুরোধ করেন। | অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি |
| ২০ | বিবিধ | ২। উপজেলা নির্বাহী অফিস্যার সভায় আরো জানান যে, জাতীয় দিবস উৎযাপন ব্যয় নির্বাহের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩ (খ) মোতাবেক ৫০,০০০/-, আসবাবপত্র মেরামত করার জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩ (ছ) মোতাবেক ১০,০০০/-, পানির পাম্প ক্ষণাবেক্ষণ এর জন্য রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩ (ট) মোতাবেক ২৫০০০/-, বর্জ্য ব্যবস্থাপনা এর জন্য অনুচ্ছেদ ৩ (ভ) মোতাবেক ২৫০০০/-, বাসাবাড়ী মেরামত এর জন্য অনুচ্ছেদ ৩ (ক) মোতাবেক ২৫০০০/- টাকা, ও অপ্রত্যাশিত খাতে ব্যয় করার জন্য (ঘ) মোতাবেক ১,০০,০০০উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় করা প্রয়োজন। | আলোচনান্তে, উপজেলা পরিষদ রাজস্ব তবিল এর বিধি মোতাবেক ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

প্রশাসক
উপজেলা পরিষদ
মেলান্দহ, জামালপুর।
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

স্মারক নং :উপকা.মেলা.২০২৫.
তারিখ : ২৪.০৩.২০২৫

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :
১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
৫। ............................................... সম্মানীত সদস্য (সকল) উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর।
৬। অফিস কপি।

(এস.এম. আলমগীর)
উপজেলা নির্বাহী অফিসার
মেলান্দহ, জামালপুর
মোবাইল নম্বর : ০১৭০৯৯৭০১৭০
E-mail:unomelandah@gmail.com

# মার্চ/২০২৫ মাসের উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | এস.এম আলমগীর প্রশাসক উপজেলা পরিষদ মেলান্দহ, জামালপুর | ০১৭০৯৯৭০১৭০<br>unomelandah@gmail.com | |
| ০২ | ডা: গাজী মোহাম্মদ রফিকুল হক<br>উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা | | |
| ০৩ | ডা. চিন্ময় নন্দী<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | ০১৭৪১৮৩৩০৮৩<br>ufpo.melandah@yahoo.com | |
| ০৪ | মো: আব্দুল্লাহ আল ফয়সাল<br>উপজেলা কৃষি অফিসার | 01722260393<br>uaomelandah@gmail.com | |
| ০৫ | ~~মো: কামরুজ্জামান~~ [illegible]<br>উপজেলা মৎস্য কর্মকর্তা | 01762-665844 | |
| ০৬ | ডা: সুকুমার চন্দ্র দাস<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা | 01716-531268<br>skumarchandradas@gmail.com | |
| ০৭ | হাবীবুর রহমান সুমন (অ:দা)<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | | |
| ০৮ | মো: আরিফুর রহমান<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা | উপজ ০১৭৬৮৯৯৮৩৩৩ | পক্ষে [illegible] |
| ০৯ | মোহাম্মদ আলী চকদার<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা | 01712 29 3228 | |
| ১০ | জান্নাতুন নাহার<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | ০১১১৫৭৪১১৪৮ | |
| ১১ | মোস্তাফিজুর রহমান<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | | |
| ১২ | শুভাশীষ রায়<br>উপজেলা প্রকৌশলী | 01676316639 | |
| ১৩ | মো: ইকবাল হোসেন<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | 0777162258 | Ikbal |
| ১৪ | মোহাম্মদ আব্দুল মজিদ ভুঁইয়া<br>উপজেলা সমবায় কর্মকর্তা | 01775-606054 | |
| ১৫ | <br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | | |
| ১৬ | মো: রাশেদ ইবনে সিরাজ<br>উপজেলা পরিবেশ ও বন কর্মকর্তা | | |
| ১৭ | মোহাম্মদ আজাদুর রহমান ভূঁইয়া<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | 01717-169658 | |
| ১৮ | সোহানা বিলকিস<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | 01710-880702<br>bilkisahmed463@gmail.com | 28/3/25 |
| ১৯ | মো: রায়হান কবির<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর | 01719-431435<br>raihan.UGDP@gmail.com | 28/3/25 |
| ২০ | মো: খোরশেদ আলম<br>ডিজিএম (পল্লী বিদ্যুৎ), মেলান্দহ | ০১৭৬১-৪০২২১৪ | |

## মার্চ/২০২৫ মাসের উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

| ক্রঃ নং | নাম ও পদবী | মোবাইল নম্বর ও ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | প্রশাসক মেলান্দহ পৌরসভা, জামালপুর | | |
| ২. | প্রশাসক হাজরাবাড়ী পৌরসভা, জামালপুর | | |
| ৩. | মো: বিলাশ সরকার<br>প্যানেল চেয়ারম্যান ১নং দুরমুঠ ইউনিয়ন পরিষদ | 01618203698 | |
| ৪. | মো: আ: ছালাম<br>চেয়ারম্যান ২নং কুলিয়া ইউনিয়ন পরিষদ | 01715230199 | পক্ষে, মিজানুর রহম… |
| ৫. | ডা: সুকুমার চন্দ্র দাস<br>চেয়ারম্যান ৩নং মাহমুদপুর ইউনিয়ন | | |
| ৬. | আলহাজ্ব কিশমত পাশা<br>চেয়ারম্যান ৪নং নাংলা ইউনিয়ন পরিষদ | | |
| ৭. | মো: আব্দুল্লাহ আল ফয়সাল<br>উপজেলা কৃষি অফিসার<br>ও<br>প্রশাসক ৫নং নয়ানগর ইউনিয়ন পরিষদ | | |
| ৮. | মো: রফিকুল ইসলাম<br>চেয়ারম্যান ৬নং আদ্রা ইউনিয়ন পরিষদ | | |
| ৯. | মো: শাহাদৎ হোসেন<br>চেয়ারম্যান ৭নং চরবানিপাকুরিয়া ইউনিয়ন পরিষদ | | |
| ১০. | মো: মামুনুর রশিদ<br>চেয়ারম্যান ৮নং ফুলকোচা ইউনিয়ন পরিষদ | | |
| ১১. | মো: সাইদুল ইসলাম লিটু<br>চেয়ারম্যান ৯নং ঘোষেরপাড়া ইউনিয়ন পরিষদ | | |
| ১২. | মো: কামরুজ্জামান<br>চেয়ারম্যান ১০নং ঝাউগড়া ইউনিয়ন পরিষদ | | |
| ১৩. | এস.এম সায়েদুর রহমান<br>চেয়ারম্যান ১১নং শ্যামপুর ইউনিয়ন পরিষদ | | |